

উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে- শিক্ষামন্ত্রী

ঢাকা, ১৮ ডিসেম্বর ২০১৭

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জাতির লক্ষ্য অর্জনে শিক্ষা পরিবারের সবাইকে একনিষ্ঠভাবে কাজ করতে হবে। ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ নির্মাণের লক্ষ্য অর্জনে সবাইকে একসাথে কাজ করতে হবে। লক্ষ্য অর্জনের মাধ্যমেই আমাদের স্বাধীনতার স্বপ্ন বাস্তবায়িত হবে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে মহান বিজয় দিবস উপলক্ষে এক আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এ অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, লক্ষ্য অর্জনের জন্য নতুন প্রজন্মকে উন্নত দক্ষ মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। মাদকাসক্তি, জঙ্গিবাদ থেকে শিক্ষার্থীদের দূরে রাখতে হবে। প্রযুক্তি ব্যবহার করে কেউ যাতে অন্ধকার পথে না যায়, সেদিকেও শিক্ষক-অভিভাবক সবাইকে খেয়াল রাখতে হবে।

তিনি আরো বলেন, উন্নত বিকশিত জীবনের জন্যই আমরা স্বাধীনতা অর্জন করেছিলাম। ক্ষুধা-দারিদ্র্যমুক্ত উন্নত বাংলাদেশ নির্মিত হলেই স্বাধীনতার আকাঙ্ক্ষা বাস্তবায়িত হবে। তিনি বলেন, উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। না হলে সর্বনাশ হবে। এ বিষয়টি সবাইকে উপলব্ধি করতে হবে।

অনুষ্ঠানে মুখ্য আলোচক ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। তিনি বলেন, বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ এবং স্বাধীনতা অবিচ্ছেদ্য। হাজার বছরে বাঙালি সংস্কৃতি একটি আলাদা রূপ ধারণ করেছে। এ সংস্কৃতি একটি সমন্বয়ধর্মী সংস্কৃতি।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব মো. মহিউদ্দীন খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কারিগরি ও মাদরাসা বিভাগের অতিরিক্ত সচিব রওনক মাহমুদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব আমিনুল ইসলাম খান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান বক্তব্য রাখেন। আলোচনা অনুষ্ঠানের শুরুতে 'স্বাধীনতা কি করে আমাদের হলো' শীর্ষক প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।